# লা-তাহযান [হতাশ হবেন না]

বিভাগ/অধ্যায়ঃ লা-তাহযান - অনুচ্ছেদ সূচি

রচয়িতা/সঙ্কলকঃ ড. আয়িদ আল করনী

২৪৯. ন্যায্য বিধান

আল্লাহর বিধান তার বান্দার উপর অবধারিত; এটা ঘটবেই এবং এটা ন্যায্য বিধান, যেমনটি (নিম্নোক্ত) হাদীসে বর্ণিত হয়েছে-

ماضٍ فيَّ حُكْمُكَ عدلٌ فيَّ قَضَاؤُكَ

ভাবার্থঃ “আমার ব্যাপারে আপনার বিধান ঘটবেই এবং আমার ব্যাপারে আপনার ফয়সালা ন্যায়সঙ্গত।”

আল্লাহ তার বান্দাদের জুলুম করা নিজের উপর হারাম করে দিয়েছেন। আসলে মানুষেরাই অন্যায়-অত্যাচার করে। উপরে উল্লেখিত হাদীসের অংশ, “এবং আমার ব্যাপারে আপনার ফয়সালা ন্যায়সঙ্গত।” পাপের বিধান, পাপের কুফল ও পাপের শাস্তিও অন্তর্ভুক্ত করে। পাপ এবং পাপের শাস্তি সম্বন্ধে আল্লাহর বিধানের ব্যাপারে আল্লাহ সর্বাপেক্ষা ন্যায়পরায়ণ। তিনি তার কোন বান্দার জন্য পাপের বিধান এমন সব কারণে করেও থাকতে পারেন যা আমাদের বুঝের বাইরে। এমন কোন উদ্দেশ্য থাকতে পারে- যা শাখা বিস্তারে খুবই গভীর হওয়াতে একমাত্র তারই জানা। আর এটাই মুসলমানদের বিশ্বাস।

Source — https://www.hadithbd.com/books/link/?id=7757

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন